কালের কণ্ঠ

তারিখ : 29 APR 2016

পৃষ্ঠা ... কলাম ...

জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

সূত্র নং-৩৬(০০৩) জাতী: বি:/ এম. ফিল ও পিএইচ ডি/ ২০০৬/১/২৬৬৬ তারিখ : ২৮/০৪/২০১৬

# পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে পিএইচ ডি প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| গ্রুপ | ভর্তির বিষয়সমূহ |
|---|---|
| আর্টস | বাংলা, ইংরেজি, আরবি, সংস্কৃত, ইতিহাস, ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন |
| সোশ্যাল সায়েন্স | সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান |
| ন্যাচারাল সায়েন্স | পদার্থবিজ্ঞান, গণিত, রসায়ন |
| লাইফ এন্ড আর্থ সায়েন্স | প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মৃত্তিকাবিজ্ঞান, মনোবিজ্ঞান |
| বিজনেস স্টাডিজ | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং |

বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ, রাজনৈতিক, অর্থনৈতিক, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সাথে সংশ্লিষ্ট গবেষণা কর্মকে অগ্রাধিকার দেয়া হবে।

১. **ভর্তির যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী**

ক. এম ফিল / সমমানের ডিগ্রিধারী হতে হবে।

অথবা

খ. বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানের শিক্ষক যাদের শিক্ষা জীবনে ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি, ৫ বছর শিক্ষকতার অভিজ্ঞতা এবং স্বীকৃতমানের জার্নালে কমপক্ষে ১টি গবেষণামূলক প্রকাশনা রয়েছে (এক্ষেত্রে প্রার্থীকে প্রবন্ধের মূল লেখক বা First Author হতে হবে) তারা সরাসরি পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বাংলা ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে শিক্ষা জীবনে ন্যূনতম ২টি প্রথম বিভাগ/ শ্রেণি থাকতে হবে। CGPA এর ক্ষেত্রে নিম্নরূপ নিয়ম অনুসরণ করা হবে :

| এসএসসি/এইচএসসি বা সমমান | অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত জিপিএ এর ক্ষেত্রে অর্জিত সিজিপিএ | সমতুল্য শ্রেণি বা বিভাগ |
|---|---|---|
| ৫.০০ স্কেল | ৪.০০ স্কেলে | |
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম |
| জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | দ্বিতীয় |

গ. প্রার্থী শুধুমাত্র তার স্নাতক (সম্মান)/ স্নাতকোত্তর বিষয়ে সংশ্লিষ্ট ফিল্ডে পিএইচ ডি করতে পারবেন।

ঘ. আবেদনের সাথে গবেষণা শিরোনামসহ Plan of Studies জমা দিতে হবে।

ঙ. প্রার্থীকে তার পিএইচ ডি গবেষণা প্রস্তাব বিশেষজ্ঞ প্যানেলের সামনে ডিফেন্ড করতে হবে।

চ. ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটের শিক্ষকদের অগ্রাধিকার দেয়া হবে।

ছ. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রকাশনা, প্রশিক্ষণ, Plan of Studies ও ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি ও ফেলোশিপ প্রদানের জন্য মনোনয়ন দেয়া হবে।

২. **রেজিস্ট্রেশন**

(ক) বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী একজন শিক্ষার্থী পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে কেবলমাত্র একটি কোর্সে/বিষয়ে ভর্তি হতে ও রেজিস্ট্রেশন করতে পারবে।

(খ) একজন শিক্ষার্থীকে সর্বোচ্চ ৬ (ছয়) শিক্ষাবর্ষের মধ্যে পিএইচ ডি ডিগ্রি অর্জন করতে হবে।

৩. **প্রোগ্রামের মেয়াদ**

পিএইচ ডি শিক্ষা কার্যক্রমের মেয়াদ ০৩ (তিন) বছর।

৪. **ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলী**

ক. ফেলোশিপ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর বয়স আবেদনের শেষ তারিখে অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে। ফেলোশিপ ব্যতীত ভর্তির ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়।

খ. ফেলোশিপের নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ এবং নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে যোগ্য প্রার্থীদের মাসিক ৭,০০০.০০ (সাত হাজার) টাকা হারে প্রতি বিষয়ে একজনকে ৩ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

গ. ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের পিএইচ ডি থিসিস রচনা ও প্রিন্টিং খরচ বাবদ এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দেয়া হবে।

ঘ. বিজ্ঞান বিষয়ে প্রতি গবেষককে ল্যাবরেটরী খরচ বাবদ এককালীন আরও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দেয়া হবে।

ঙ. ফেলোশিপের জন্য কেবলমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী/বেসরকারী কলেজ/ইনস্টিটিউটের পূর্ণকালীন শিক্ষকগণ আবেদন করতে পারবেন।

চ. ফেলোশিপপ্রাপ্ত গবেষককে কোর্স চলাকালীন পূর্ণ ছুটিতে থাকতে হবে।

৫. **আবেদন ফরম পূরণ ও জমাদান**

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd) এর মাধ্যমে আগামী ০২/০৫/২০১৬ তারিখ থেকে ২৫/০৫/২০১৬ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

খ. আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন আবেদনপত্রে আপলোড করতে হবে। ছবির মাপ 120 × 150 Pixels, Image Type: JPG এবং File Size: 50 KB (max.) আবেদন ফরম সফলভাবে পূরণ হলে প্রার্থীগণ একটি PIN নম্বর সম্বলিত ফরম প্রিন্ট করতে পারবেন।

গ. আগামী ২৬/০৫/২০১৬ তারিখ থেকে এই PIN ব্যবহার করে website থেকে সোনালী সেবার পে-স্লিপ ডাউনলোড করা যাবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় ২৯/০৫/২০১৬ তারিখ বিকাল ৪:০০টা পর্যন্ত পে-স্লিপ জমা দেয়া যাবে। উল্লেখ্য, আবেদন ফি এর হার শিক্ষার্থীপ্রতি ১,০০০/- (এক হাজার) টাকা।

ঘ. সোনালী সেবার টাকা জমা হলে website এ Student Login করে ৩০/০৫/২০১৬ তারিখ থেকে আবেদনপত্র Print করা যাবে।

ঙ. সাক্ষাৎকারের দিন আবেদনকারীকে সকল সনদের মূল কপি ও আবেদনপত্র সোনালী সেবার জমা স্লিপসহ স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন দপ্তরে উপস্থিত হতে হবে। সাক্ষাৎকার শেষে আবেদনপত্র ও সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

চ. ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

**আবেদনের সময়সীমা ও ভর্তি কার্যক্রম**

ক. অনলাইনে আবেদন ফরম পূরণ : ০২/০৫/২০১৬ থেকে ২৫/০৫/২০১৬ পর্যন্ত

খ. সোনালী সেবা পে-স্লিপ ডাউনলোড ও ব্যাংকে জমা দেয়ার তারিখ : ২৬/০৫/২০১৬

গ. সাক্ষাৎকারের সময় : ০১/০৬/২০১৬ থেকে ০৭/০৬/২০১৬ পর্যন্ত

ঘ. ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ : ০৮/০৬/২০১৬

ঙ. ভর্তির তারিখ : ০৮/০৬/২০১৬ থেকে ১৫/০৬/২০১৬ পর্যন্ত

চ. গবেষণা কার্যক্রম শুরুর তারিখ : ১০/০৭/২০১৬

. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

. বিশ্ববিদ্যালয়, কলেজ/ইনস্টিটিউট এর শিক্ষকদের স্বীয় প্রতিষ্ঠানের রেজিস্ট্রার/ অধ্যক্ষের মাধ্যমে ভর্তির জ আবেদন করতে হবে। আবেদনের সাথে প্রাথমিক অনুমতিপত্র জমা দিতে হবে। ভর্তির সময় সরকারী কলেজে শিক্ষকদের মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি এবং বেসরকা কলেজের শিক্ষকদের কলেজের গভর্নিং বডির অনুমতি লাগবে। চাকুরীরত অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে বর্তমা কর্মরত প্রতিষ্ঠান প্রধানের প্রাথমিক অনুমতিপত্র এবং ভর্তির সময় স্ব স্ব নিয়োগকর্তার চূড়ান্ত অনুমতিপত্র জ দিতে হবে।

. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

.দ্র: ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাই ww.nu.edu.bd –এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট একাডেমিক কমিটির সাথে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করা যাবে

ার্টস গ্রুপ- ০২-৯২৯২০৭২ অথবা ০১৭১৮-৪১১১০৯; সোশ্যাল সায়েন্স গ্রুপ-০১৯১১-০১০১৩০; ন্যাচারাল সায়ে প- ০১৭৪২-৮৪৬৪১৪; লাইফ এন্ড আর্থ সায়েন্স গ্রুপ-০২-৯২৯১০৮৯ অথবা ০১৭১২-০৭৬২৮০; বিজনে াডিজ গ্রুপ-০২-৯২৯২০৯৪ অথবা ০১৯৮২-৬৯৯৭৮১ (অফিস চলাকালীন)। কল সেন্টার : ০৯৬১৪-০১৬৪২৯

প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৭৪

ই-৫৫৪-৩৯৮/১৬ (১৬"×৩)